দৈনিক বাংলা

143

তারিখ 24 JUL 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6

সিন্ডিকেটের সভা

# ভার্সিটিতে সন্ত্রাস ঃ বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের আহবান

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ১৯৮৯ সালের ৯ই ফেব্রুয়ারী সংঘটিত ছাত্রী মিছিলে হামলা ও অন্যান্য সন্ত্রাসী ঘটনাবলী তদন্তের জন্য একটি বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের

(৫-এর পৃঃ দ্রঃ)

**ভার্সিটিতে** (প্রথম পৃঃ পর)

আহবান জানিয়েছে।

গতকাল ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় বলা হয়, ছাত্রী মিছিলে হামলাসহ অন্যান্য সন্ত্রাসী কার্যকলাপ অর্থাৎ মুহসীন হলে হামলা ও কনক হত্যাকান্ড প্রভৃতি ঘটনার সঙ্গে জড়িতদের সন্দেহাতীতভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি। সুতরাং বিচার বিভাগীয় তদন্তের মাধ্যমে চিহ্নিত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের ব্যবস্থা করা হোক।

গতকাল বিকেল সাড়ে চারটা থেকে রাত দশটা পর্যন্ত দীর্ঘ সাড়ে পাঁচ ঘন্টাব্যাপী এ সভায় ছাত্রী মিছিলে হামলা ও অন্যান্য ঘটনার উপর বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা পরিষদের পাঠানো সুপারিশ পর্যালোচনা করা হয়।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, ছাত্রদের মধ্যে পারস্পরিক সম্পর্কের যাতে কোন অবনতি না ঘটে সেজন্য ছাত্রী মিছিলে হামলার জন্য গঠিত মূল তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ করা সমীচীন হবে না।